

২০২০ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি
তারিখ : ০৯/০৯/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ছাত্রীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণের টাকা পরিশোধ এবং ফরম পূরণের বিবরণ নিম্নে দেয়া হলো। ফরম পূরণের যাবতীয় কাজ স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন করতে হবে।


- (ক) বেতন ও ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ১৫/০৯/২০২১ থেকে ১০/১০/২০২১ খ্রি: পর্যন্ত।
- (খ) ফরম পূরণের তারিখ : ১৫/০৯/২০২১ থেকে ১০/১০/২০২১ খ্রি: পর্যন্ত।
ফরম পূরণের পর সংশ্লিষ্ট অফিস সহকারীগণ নিজ নিজ বিভাগের ছাত্রীদের অনলাইনে এন্ট্রির কাজ সম্পন্ন করবেন।
- (গ) পূরণকৃত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
(i) অনার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং অনার্স ১ম বর্ষ ও ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
(ii) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও ২য় বর্ষ পরীক্ষা পাশের ফলাফলশীট।
- (ঘ) আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে। আবেদন ফরমে যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে।
অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- (ঙ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স)	২৫০/-	
২	তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স)	২০০/-	
৩	ব্যবহারিক (প্রতি কোর্স)	২৫০/-	
৪	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	
৫	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)	১২০/-	
৬	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)	১০০/-	
৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (শুধুমাত্র গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য) প্রতি পরীক্ষার্থী	৩০০/-	
৮	ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী)	৫০/-	

☐ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে আবেদন ফরম পূরণের কোন প্রকার সুযোগ নেই।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


০৯/০৯/২০২১
১০/১০/২০২১